**বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)**

**৬৮/২ পুরানা পল্টন ঢাকা-১০০০।**

**অডিট আপত্তি বিষয়ক গৃহীত পদক্ষেপ এবং নিষ্পত্তি সম্পর্কিত অডিট টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : আবুল কালাম আজাদ, ব্যবস্থপনা পরিচালক ও প্রধান সম্পাদক |
| স্থান | : বাসস কার্যালয়ের সভা কক্ষ |
| তারিখ ও সময় | : ১৬ মে ২০২৪,বেলা ২ ঘটিকা |
| সভার উপস্থিতি | : পরিশিস্ট-'ক'-তে রক্ষিত হলো। |

অদ্য ১৬ মে ২০২৪,বেলা ২ ঘটিকায় বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর আডিট আপত্তি নিস্পত্তির কর্যক্রম ও গৃহীত পদক্ষেপ সম্পর্কিত অডিট টাস্কফোর্স কমিটির সভা সংস্থার সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ সংবাদ (বাসস)-এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক এবং অডিট টাস্কফোর্স কিমিটির সভাপতি জনাব আবুল কালাম আজাদ।

এছাড়া সভায় উপস্থিত ছিলেন অডিট টাস্কফোর্স কমিটির সদস্য জনাব মুহম্মদ আনিসুর রহমান,ব্যবস্থাপনা সম্পাদক, জনাব মোহাম্মাদ আলী খান ,পরিকল্পনা উন্নয়ন ও প্রসাশন প্রধান, জনাব মোঃ জসিম উদ্দিন, প্রধান হিসাবরক্ষন কর্মকর্তা এবং মোঃ জাহাঙ্গীর হোসেন, সিনিয়র হিসাবরক্ষন কর্মকর্তা ও অডিট ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অডিটের সার্বিক বিষয়ে উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন।

ফোকাল পয়েন্ট কমকর্তা বাসস'র অডিট বিষয়ে সর্বশেষ অবস্থা এবং গৃহীত পদক্ষেপ সভায় উপস্থাপন করেন।

সভায় জানানো হয়, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) এর ২০২৩-২০২৪ অর্থ বছরের শুরুতে অডিট আপত্তি ছিল মোট ৪৮টি জড়িত অর্থ ১৯,৬১,৬৭,৫১০.০০ (উনিশ কোটি একষট্রি লক্ষ সাতষট্রি হাজার পাচঁশত দশ) টাকা। এর মধ্যে Non SFI অনুচ্ছেদ সংখ্যা ০৪টি আর্থিক সংশ্লেষ ১,৩৯,৫১,৩২১.০০ টাকা এবং SFI অনুচ্ছেদ সংখ্যা ৪৪টি আর্থিক সংশ্লেষ ১৮,২২,১৬,১৮৯.০০ টাকা।

২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের উত্থাপিত ৮টি SFI আপাত্তি নিস্পত্তির জন্য প্রমানকসহ জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে ২৪/০৮/২০২৩ তারিখে অডিট অফিসে প্রেরণ করা হয়। প্রেরিত জবাবের আলোকে ২টি আপত্তি নিস্পত্তি করা হয়েছে যার আর্থিক সংশ্লেষ ৭,৯৪,৬৬,৮৪৩.০০ টাকা।

বর্তমানে আপত্তি সংখ্যা ৪৬টি যার আর্থিক সংশ্লেষ ১১,৬৭,০০,৬৬৭.০০ (এগারো কোটি সাতষট্রি লক্ষ ছয়শত সাতষট্রি) টাকা। উল্লেখিত আপত্তিগুলোর মধ্যে Non SFI অনুচ্ছেদ সংখ্যা ০৪টি আর্থিক সংশ্লেষ ১,৩৯,৫১,৩২১.০০ টাকা এবং SFI অনুচ্ছেদ সংখ্যা ৪২টি আর্থিক সংশ্লেষ ১০,২৭,৪৯,৩৪৬.০০ টাকা।

বিশেষ ভাবে উল্লেখ্য বিগত অর্থ বছরের শরুরদিকে অডিট অফিস, অডিট আপত্তি নিষ্পত্তির জন্য অনলাইন ভিত্তিক এএমএমএস.২ নামক একটি সফটওয়্যার সিস্টেমের মাধ্যমে অডিট আপত্তি গুলোর সংখ্যাগত সমন্বয় সাধন (Reconciliation)কাযক্রম চালু করে। উক্ত সিস্টেমে বাসস-এর ১৩০টি আপত্তি দেখানো হয়, যা বাসস'র প্রকৃত আপত্তির তুলনায় অনেক বেশী। প্রদর্শিত আপত্তির বিষয়ে অডিট অফিসের সাথে ৪/৫ বার স্ব-শরীরে উপস্থিত হয়ে অডিট অফিসের পরিচালক, ডিডি, একাউন্টস অফিসার , এসএস সুপার ও অডিটরদের সাথে আলাপ আলোচনা করে প্রমানক সহ অডিট অফিসকে জানানো হয় এএমএমএস.২ সফটওয়ারে প্রদর্শিত আপত্তির সংখ্যা বাসস-এর প্রকৃত আপত্তির সংখ্যার প্রায় তিন গুন এবং অতিরিক্ত আপত্তির যথাযথ প্রমানক উপস্থাপন করা হয়। উপস্থাপিত প্রমানকের আলোকে অডিট অফিস ১৩০টি থেকে ৭০টি আপত্তি বাদ দিয়ে বর্তমানে ৬০টি আপত্তি প্রর্দশন করছে। উক্ত আপত্তির বিষয়ে অডিট অফিসে যোযাযোগ করা হলে এএমএমএস.২ সফটওয়্যার বিষয়ক কার্যক্রমে প্রকৃত আপত্তি নিরূপনে আরো কিছুদিন সময় লাগবে বলে জানায়।Reconciliation কাজ যথাযথভাবে সম্পাদন করা হলে বাসস-এর অডিট আপত্তি সংখ্যা অনেকাংশে কমে যাবে। সভাকে আরো জানানো হয় সংস্থার ১৬টি এসএফআই আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে একটি ত্রি-পক্ষীয় সভা আহবান করে (জুন /২০২৪) মাসের মধ্যে মন্ত্রণালয়ের মাধ্যমে অডিট অফিসে কার্যপত্র প্রেরণ করা হবে।

**আপত্তি নিস্পত্তির লক্ষ্যে গৃহীত পদক্ষেপ :**

১৬টি এসএফআই আপত্তি নিস্পত্তির লক্ষ্যে কার্যপত্র প্রস্তুত করা হয়েছে আগামী জুন মাসের মধ্যে ত্রিপক্ষীয় সভা আহবান করে মন্ত্রণালয়ের মাধ্যমে কার্যপত্র প্রেরণ করা হবে।

এছাড়াও Reconciliation সম্পাদন হলে ননএসএফআই আপত্তি গুলো নিষ্পত্তির লক্ষ্যে প্রমানকসহ ব্রডশীট জবাব অডিট অফিসে প্রেরণ করা হবে।

সভায় আরো জানানো হয় যে, উল্লেখিত আপত্তি গুলোর মধ্যে ৬টি আপত্তি রয়েছে উৎসকর/ভ্যাট সংক্রান্ত যার আর্থিক সংশ্লেষ ৩৪,১১,৩৯৬.০০টাকা। উক্ত আপত্তিগুলো কেবল উৎসকর/ভ্যাট প্রদানের মাধ্যমেই নিস্পত্তিযোগ্য।

**সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ :**

সিদ্ধান্ত: (ক) সাধারন / ননএসএফআাই আপত্তি গুলোর ব্রডশীট জবাব চলতি Reconciliation কার্যক্রম শেষ হওয়ার সাথে সাথে প্রেরনের যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।

(খ) ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র প্রস্তুত করে আগামী জুন মাসের মধ্যে ত্রি-পক্ষীয় সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই বিষয়ে প্রশাসন প্রধান ও হিসাব বিভাগ প্রধান ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সার্বিক সহযোগীতা করবেন।

(গ) যে সকল আপত্তির সাথে উৎসকর/ভ্যাট সংযুক্ত রয়েছে উক্ত ভ্যাট / উৎসকর দ্রুত পরশোধ করে তা নিস্পত্তির ব্যবস্থা করতে হবে।

(ঘ) অডিট অফিস কর্তৃক এএমএস-২ তালিকায় প্রদর্শিত বাসস'র আপত্তি গুলোর মধ্যে যে সকল আপত্তি সমূহ একাদিক বার প্রদর্শন করা হয়েছে এবং যে সকল আপত্তি পূর্বে নিস্পত্তি করা হয়েছে এবং যে সকল আপত্তি কাটা/ছেড়া বা অসম্পূন্ন অংশ দিয়ে প্রদর্শন করা হয়েছে অডিট অফিসের সাথে যোগাযোগ করে তা দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই বিষয়ে প্রয়োজনে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক অডিটের ডিজি সাহেবের সাথে কথা বলবেন।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

আবুল কালাম আজাদ
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক
ও সভাপতি অডিট টাস্কফোর্স কমিটি
বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)